# বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
www.supremecourt.gov.bd

সার্কুলার নম্বর- ০৯/২০১৭ এ, তারিখঃ ২০ চৈত্র, ১৪২৩ বঙ্গাব্দ
০৩ এপ্রিল, ২০১৭ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ- সকল পর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তাগণের বার্ষিক গোপনীয় অনুবেদন (এ. সি. আর) যথাসময়ে প্রেরণ প্রসঙ্গে।**

সম্প্রতি অত্র কোর্টের গোচরীভূত হয়েছে যে, সারাদেশের অধস্তন আদালতসমূহের কতিপয় অনুবেদনকারী কর্মকর্তা তাঁদের অধীনে কর্মরত বিচার বিভাগীয় কর্মকর্তাগণের ২০১৩, ২০১৪, ২০১৫ ও ২০১৬ সালের বার্ষিক গোপনীয় অনুবেদন (এ. সি. আর) অদ্যাবধি অত্রকোর্টে প্রেরণ করেননি; যা' অনাকাঙ্খিত ও অনভিপ্রেত।

০২। বিচার বিভাগীয় কর্মকর্তাগণের বার্ষিক গোপনীয় অনুবেদন (এ. সি. আর) ফরমের নির্দেশনায় উল্লেখ রয়েছে যে, অনুবেদনাধীন কর্মকর্তাগণ প্রতি বছর ৩১ ডিসেম্বর এর মধ্যে বার্ষিক গোপনীয় অনুবেদন (এ. সি. আর) ফরম যথাযথ পূরণ পূর্বক অনুবেদনকারী কর্মকর্তার নিকট প্রেরণ করবেন এবং অনুবেদনকারী কর্মকর্তা উক্ত বার্ষিক গোপনীয় অনুবেদন (এ. সি. আর) ফরমের নির্ধারিত অংশ যথাযথভাবে মূল্যায়নক্রমে প্রতি বছর ১৫ ফেব্রুয়ারির মধ্যে তা' অত্র কোর্টে প্রেরণ করবেন। অথচ কতিপয় অনুবেদনকারী ও অনুবেদনাধীন কর্মকর্তা কর্তৃক উক্ত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করা হচ্ছে না। ফলে বিভিন্ন পর্যায়ে কর্মরত বিচার বিভাগীয় কর্মকর্তাগণের প্রয়োজনীয় মূল্যায়ন ও পদোন্নতি প্রক্রিয়া সম্পন্ন করতে নানাবিধ প্রশাসনিক সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। অনুবেদনকারী ও অনুবেদনাধীন কর্মকর্তা কর্তৃক বার্ষিক গোপনীয় অনুবেদন (এ. সি. আর) এর নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন না করা চাকুরি শৃঙ্খলার পরিপন্থী এবং তা' অসদাচরণের শামিল।

০৩। এমতাবস্থায়, যে সকল বিচার বিভাগীয় কর্মকর্তার ২০১৩, ২০১৪, ২০১৫ ও ২০১৬ সালের বার্ষিক গোপনীয় অনুবেদন (এ. সি. আর) অনুবেদনকারী কর্মকর্তাগণ কর্তৃক যথাযথভাবে মূল্যায়নক্রমে অদ্যাবধি অত্র কোর্টে প্রেরণ করা হয়নি, সে সকল বার্ষিক গোপনীয় অনুবেদন (এ. সি. আর) যথাযথভাবে মূল্যায়ন পূর্বক আগামী ০৭ (সাত) দিনের মধ্যে অত্র কোর্টে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪। একই সাথে বর্ণিত নির্দেশনা মোতাবেক প্রত্যেক পঞ্জিকা বছরের ৩১ ডিসেম্বর এর মধ্যে অনুবেদনাধীন কর্মকর্তাগণকে বার্ষিক গোপনীয় অনুবেদন (এ. সি. আর) ফরম যথাযথভাবে পূরণ পূর্বক সংশ্লিষ্ট অনুবেদনকারী কর্মকর্তার নিকট দাখিলের এবং অনুবেদনকারী কর্মকর্তাগণকে ১৫ ফেব্রুয়ারির মধ্যে পূর্ববর্তী পঞ্জিকা বছরে তাঁর অধীনে কর্মরত বিচার বিভাগীয় কর্মকর্তাগণের বার্ষিক গোপনীয় অনুবেদন (এ. সি. আর) অত্র কোর্টে প্রেরণ পূর্বক এর অগ্রবর্তীকরণ সংক্রান্ত পত্রের একটি অনুলিপি অবগতির নিমিত্ত সংশ্লিষ্ট বিচার বিভাগীয় কর্মকর্তার নিকট আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

০৫। এছাড়া অবসর গ্রহণের পূর্বেই অনুবেদনকারী কর্মকর্তা তাঁর অধীনে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তার বার্ষিক গোপনীয় অনুবেদন (এ. সি. আর) অত্র কোর্টে প্রেরণ করবেন এবং অবসরোত্তর ছুটিতে গমনের অনুমতির আবেদনে তিনি তাঁর অধীনে কর্মরত বিচার বিভাগীয় কর্মকর্তাগণের বার্ষিক গোপনীয় অনুবেদন (এ. সি. আর) যথারীতি সুপ্রীম কোর্টে প্রেরণ করা হয়েছে মর্মে প্রত্যায়ন করবেন; এর ব্যত্যয় হলে অবসর গ্রহণকারী কর্মকর্তার অবসর গ্রহণ পরবর্তী সুবিধাসমূহ প্রদানের কার্যক্রম স্থগিত থাকবে।

০৬। অধিকন্তু, অনেক ক্ষেত্রে অনুবেদনকারী কর্মকর্তাগণ বার্ষিক গোপনীয় অনুবেদন (এ. সি. আর)-এ বিরুপ মন্তব্য প্রদানের পর উক্ত বিরুপ মন্তব্য কর্তনের জন্য অনুবেদনাধীন কর্মকর্তা কর্তৃক আবেদন করা হলে উক্ত আবেদন অত্র কোর্টে বিলম্বে প্রেরণ করা হয়; যা কোনোভাবেই কাম্য নয়। বিরুপ মন্তব্য কর্তনের আবেদন প্রাপ্তির তারিখ হতে ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে মন্তব্যসহ উক্ত আবেদনটি আবশ্যিকভাবে অত্র কোর্টে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট অনুবেদনকারী কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হলো।

০৭। উল্লেখ্য, এ বিষয়ে অত্র কোর্টের অবস্থান অত্যন্ত স্পষ্ট এবং কঠোর। উপরি-উক্ত নির্দেশনা প্রতিপালনে ব্যর্থ হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

মাননীয় প্রধান বিচারপতির আদেশক্রমে

**স্বাঃ/-**
**(আবু সৈয়দ দিলজার হোসেন)**
রেজিস্ট্রার
ফোনঃ ৯৫১৪৬৪৬
ই-মেইলঃ registrar_hcd@supremecourt.gov.bd

**কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ**

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ,---------------------------------------------------- ----- (সকল)।
৩। মহানগর দায়রা জজ, --- ---------------------------------------------------- (সকল)।
৪। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর,ঢাকা।
৫। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
৬। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৭। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৮। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,-------------------------------------- (সকল)।
৯। বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।
১০। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য়, কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা।
১১। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা।
১২। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা।
১৩। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
১৪। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
১৫। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
১৬। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১৭। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, ----------------------------(সকল)।
১৮। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, -------------------- (সকল)।
১৯। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,------------ (সকল)।
২০। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,------------------------------------ (সকল)।
২১। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
২২। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ------------------------------------------ (সকল)।
২৩। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত ----------------------------(সকল)।
২৪। সদস্য (জেলা জজ), কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,---------- (সকল)।
২৫। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা।
২৬। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২৭। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, পুরানা পল্টন, ঢাকা।
২৮। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২৯। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
৩০। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩১। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ---------------------------------------------- (সকল)।
৩২। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ------------------------------------------------- (সকল)।
৩৩। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৪। আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও শেরেবাংলা নগর, ঢাকা।

সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ

৩৫। গবেষণা ও তথ্য কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা (সংরক্ষণের জন্য)।
৩৬। মাননীয় রেজিস্ট্রার জেনারেলের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৩৭। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

03.04.17

(মো'তাছিম বিল্যাহ)
সহকারী রেজিস্ট্রার (বিচার)
ফোনঃ ৯৫৬১৯৩২
ই-মেইলঃ judge.motasim@gmail.com